THE BANGLADESH OBSERVER

তারিখ 20 SEP 1985
পৃষ্ঠা 1 কলাম 3



# 'সরকার বিশ্ববিদ্যালয়ে পুলিশ ক্যাম্প চায় না'

সরকার দেশের বিশ্ববিদ্যালয় অঙ্গন এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। শিক্ষামন্ত্রী শামসুল হুদা চৌধুরী শিক্ষাদিবস উপলক্ষে গতকাল বৃহস্পতিবার জাতীয় ছাত্র পরিষদ আয়োজিত এক সেমিনারে ভাষণদানকালে একথা বলেন। মন্ত্রী বলেন, সরকার বিশ্ববিদ্যালয়ে পুলিশ ক্যাম্প চায় না। মন্ত্রী একই সাথে উল্লেখ করেন যে, সন্ত্রাসের দ্বারা শিক্ষার পরিবেশকে অপবিত্র করতে দেয়া যেতে পারে না।

ছাত্র পরিষদের কেন্দ্রীয় সংগঠক জনাব ফরিদ আহমদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সেমিনারে অন্যদের মধ্যে তথ্যমন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন এবং শিক্ষা উপমন্ত্রী জিয়াউদ্দিন বাবলুও বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে উঠবে। এখানে সন্ত্রাসবাদের কোন স্থান নেই। তথ্যমন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন বলেন, ১৯৬২

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## পুলিশ ক্যাম্প চায় না

(১ম পাতার পর)

সালে শিক্ষা আন্দোলনের লক্ষ্য ছিল দেশে গণমুখী সার্বজনীন শিক্ষা কায়েম করা।

মন্ত্রী দুঃখ প্রকাশ করে বলেন, কিন্তু বাংলাদেশ স্বাধীনতা লাভের পর অতীতে কোন সরকারই এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করেনি। খবর বাসস'র।